তারিখ 5 APR 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

সংবাদ

পাঠ্যবইয়ে ভুল

# এনসিটিবির সচিবকে স্ট্যান্ড রিলিজ

নিজস্ব বার্তা পরিবেশক

২০১৭ শিক্ষাবর্ষের পাঠ্যবইয়ে ভুল-ভ্রান্তি ও অনিয়মের দায়ে এনসিটিবির সচিব ইমরুল হাসানকে গতকাল স্ট্যান্ড রিলিজ করেছে শিক্ষা মন্ত্রণালয়। আদেশ অনুযায়ী, আজই তাকে ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ সরকারি কলেজে যোগদান করতে হবে, অন্যথায় তাকে তাৎক্ষণিক অবমুক্ত বলে গণ্য করা হবে।

অন্য এক আদেশে একই কারণে এনসিটিবির গবেষণা কর্মকর্তা রেবেকা সুলতানা লিপিকে রাজধানীর সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজে বদলি করা হয়েছে।

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নিজামুল করিমকে এনসিটিবির সচিবের দায়িত্ব দেয়া হয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে।

চলতি শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা স্তরের প্রায় সব স্তরের পাঠ্যবইয়ে বিপুল সংখ্যক ভুল-ভ্রান্তি, ইতিহাস বিকৃতি এবং সাম্প্রদায়িকীকরণ হয়েছে। এর সঙ্গে এনসিটিবি ছাড়াও শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বেশকিছু কর্মকর্তা জড়িত থাকার অভিযোগ পাঠ্যবইয়ে : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## পাঠ্যবইয়ে : ভুল

(১ম পৃষ্ঠার পর)

রয়েছে। এর আগে গত জানুয়ারিতে পাঠ্যবইয়ের ভুল-ভ্রান্তি শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রুহী রহমানকে আহ্বায়ক করে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়।

এ কমিটি গত মাসে এনসিটিবির সচিবসহ কয়েকজন কর্মকর্তাকে দায়ী করে প্রতিবেদন জমা দিয়েছে।